"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.wewb.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ২৫ অক্টোবর ২০২২
সময় : ৯.৩০ টা
স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সভাকক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (আইআরপি)ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর সকল করণীয় কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত কার্যক্রম এর উপর আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়কারী |
|---|---|---|---|---|
| ক | নৈতিকতা কমিটির প্রতম সভার সিদ্ধন্ত বাস্তবায়ন | কর্মসম্পাদন সূচক ১.৪ অনুযায়ী নৈতিকতা কমিটির প্রথম সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা শতভাগ বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি মতামত দেন। | ক) নৈতিকতা কমিটির প্রথম সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| খ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | কর্মসম্পাদন সূচক ১.৪ অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর মধ্যে বোর্ডের কর্মচারিদেরকে শুদ্ধাচার সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে উল্লেখ রয়েছে যা নভেম্বর থেকে ডিসেম্বর মাসের মধ্যে সম্পন্ন করা হবে .মর্মে পরিচালক (আইআরপি) সভাপতিকে অবহিত করেন। সভপতি এ বিষয়ে উল্লেখ করেন যে, চারটি কোয়ার্টারে বোর্ডের ৩০×৪=১২০ জন কর্মচারিকে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনায় রয়েছে। প্রথম কোয়ার্টারে যে ৩০ জন কর্মচারি প্রশিক্ষন নিয়েছেন দ্বিতীয় কোয়ার্টরের প্রশিক্ষণে যাতে তাদের পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে খেয়াল রাখার মতামত দেন। | খ) দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ নভেম্বর ২০২২ মাসের মাঝামাঝি সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (আইআরপি) |
| গ | প্রকল্পের PIC ও PSC সভা আয়োজন। | কর্মসম্পাদন সূচক ২.৪ এ উল্লিখিত দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) এর মধ্যে PIC ও PSC ০২ (দুই)টি সভা আয়োজন করার বিষয়ে সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচারক জানান যে, PIC ও PSC সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। সভা ২(দুই)টি দ্রুত করার বিষয়ে মতামত দেন। | গ) দ্বিতীয় কোয়ার্টারে PIC ও PSC দুইটি সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকল্প পরিচালক |
| ঘ | বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারের কার্যক্রম পরিদর্শন | কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টারের কার্যক্রম পরিদর্শন করে প্রতিবেদন প্রদান এবং সেন্টারের পরিদর্শন বই সংরক্ষণ করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানান যে, বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার প্রতিবছর ০৪ (চার) বার পরিদর্শন করা হয়। (জুলাই-সেপ্টেম্বর) মধ্যে পরিচালক (প্রশাসন ওউন্নয়ন) নিজেই করেছেন এবং (অক্টোবর-ডিসেম্বর) এর মধ্যে পরিচালক (অর্থ ও কল্যাণ)পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভাপতিকে অবহিত করেন। | ঘ) চলতি (অক্টোবর-ডিসেম্বর) কোয়ার্টারে পরিচালক (অর্থ ও কল্যাণ) বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার এর কার্যক্রম পরিদর্শন করে প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক (অর্থ ও কল্যাণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ঙ | শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা | সভাপতি শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করে আপডেট রাখা এবং পরিচালক (আইআরপি) কে এবিষয়ে নিয়মিত মণিটরিং করার নির্দশনা প্রদান করেন। | ঙ) শুদ্ধাচার কৌশল সংক্রান্ত যাবতীয় বিষয় কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে সময়মত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (আইআরপি) |

০২. আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭.০২

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও সভাপতি
জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

বিতরণ:

১। যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (এনআইএস), কর্মসম্পাদন শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, Diaspora Project, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, Raise Project, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

২৫/১০/২০২২ তারিখে অনুষ্ঠিত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ প্রণয়ন ও বাস্তবায়ন এর নিমিত্ত দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) ২০২২ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরনার্থে নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকা:

| ক্র/নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ হামিদুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) | আহবায়ক | |
| ২. | জনাব শোয়াইব আহমাদ খান, যুগ্মসচিব<br>পরিচালক (অর্থ ও কল্যাণ) | সদস্য | |
| ৩. | মুশাররাত জেবীন, যুগ্মসচিব<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | সদস্য | |
| ৪. | জনাব শরিফুল ইসলাম<br>উপ-পরিচালক (কল্যাণ) | সদস্য | |
| ৫. | জনাব মোঃ আজিজুল ইসলাম ভূঞা<br>সহকারী পরিচালক | সদস্য | |
| ৬. | জনাব পাপ্পু মজুমদার<br>প্রোগ্রামার | সদস্য | |
| ৭. | জনাব আরিফ আহমেদ খান, উপসচিব<br>পরিচালক (আইআরপি) | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং- ৪৯.০৪.০০০০.০০৫.০০.১১৬৪.২০১৮(০৭)-৮৬৫.                                                  তারিখ: ২৪ অক্টোবর ২০২২।

## সভার নোটিশ

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা,২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে নৈতিকতা কমিটি রয়েছে। দ্বিতীয় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর) ২০২২ মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা আগামী ২৫-১০-২০২২ তারিখ মঙ্গলবার সকাল ৯.৩০ টায় বোর্ডের সম্মেলনকক্ষে (লেভেল-১০) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

24.10.2022
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)
ওসদস্য সচিব
শুদ্ধাচার নৈতিকতা কমিটি
ফোন: ০২-২২২২২২৬১৯
d.irp@wewb.gov.bd

বিতরণ:
১। জনাব শোয়াইব আহমাদ খান, পরিচালক (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। মুশাররাত জেবীন, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৩। জনাব আরিফ আহমেদ খান, পরিচালক (আইআরপি),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৪। জনাব শরিফুল ইসলাম, উপ-পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। মোঃ আজিজুল ইসলাম ভূঞা, সহকারী পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৬। জনাব পাপ্পু মজুমদার, প্রোগ্রামার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে:
১। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস নথি।